



তথ্যবিবরণী

নম্বর-২৩৬

স্বাধীনতা দিবসে বীর মুক্তিযোদ্ধাগণকে সংবর্ধনা প্রদান

রাজশাহী; ১২ চৈত্র (২৬ মার্চ):

আজ (২৬ মার্চ) সকালে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে রাজশাহী জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে বীর মুক্তিযোদ্ধাগণকে সংবর্ধনা প্রদান করা হয়। জেলা প্রশাসন এ অনুষ্ঠানের আয়োজন করে। সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার খন্দকার আজিম আহমেদ।

অনুষ্ঠানের শুরুতে জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের ফুলেল শুভেচ্ছায় বরণ করা হয় এবং অতিথিবৃন্দ তাঁদের সাথে কুশল বিনিময় করেন।

সংবর্ধনা অনুষ্ঠান শেষে ৫৬০ জন বীর মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যের হাতে সম্মাননা ও ইফতার সামগ্রী তুলে দেওয়া হয়।

জেলা প্রশাসক আফিয়া আখতার এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, রাজশাহী রেঞ্জের উপ-মহাপুলিশ পরিদর্শক মোহাম্মদ শাহজাহান, আরএমপি'র কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান এবং পুলিশ সুপার ফারজানা ইসলাম।

সভাপতির সংক্ষিপ্ত বক্তব্যে জেলা প্রশাসক আফিয়া আখতার বলেন, একটি ন্যায়ভিত্তিক, বৈষম্যহীন ও সমতার ভিত্তিতে রাষ্ট্র বিনির্মাণের লক্ষ্যে ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ সংঘটিত হয়েছিল। সেপ্রেক্ষিতে প্রত্যেককেই যার যার অবস্থান থেকে কাজ করে যাওয়ার আহ্বান জানান তিনি।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যবৃন্দ, বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ, শিক্ষার্থীবৃন্দ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

.....
তৌহিদ/আতিক/আলীম/রুহুল/২০২৫/১৩.০০ঘ